

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.moca.gov.bd)



নম্বর ৪৩.০০.০০০০.১২৪.২৩.১৬২.২১. | 288


তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৭
২৮ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি প্রেরণ।

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যদার সাথে উদ্যাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এর গৃহীত কর্মসূচি এবং বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্যাপন উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এর গৃহীত সম্ভাব্য কর্মসূচির একটি তালিকা প্রস্তুত করা হয়েছে (কপি সংযুক্ত)।

০২। উক্ত কর্মসূচি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: যথাবর্ণনা।


(মোহাম্মদ মিজানুর রহমান ছিদ্দিকী)
উপসচিব
ফোন: ৯৫৪৫৯৩৫
ই-মেইল: cultural_pro@yahoo.com


সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নম্বর ৪৩.০০.০০০০.১২৪.২৩.১৬২.২১. | 288

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৭
২৮ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।


(মোহাম্মদ মিজানুর রহমান ছিদ্দিকী)
উপসচিব

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এর গৃহীত কর্মসূচি:

৫৭

ক্রমিক	অনুষ্ঠানমালা	বাস্তবায়নকারী সংস্থা
(ক) জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এর গৃহীত কর্মসূচি:		
১.	স্বাধীনতা যুদ্ধে বীরজনাসহ সকল বীরমুক্তিযোদ্ধাদের অবদান নিয়ে ধারাবাহিক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হবে।	বাংলাদেশ শিল্পকলা একাডেমি
২.	মুক্তিযুদ্ধ ভিত্তিক জাতীয় কুইজ/রচনা প্রতিযোগিতা/সংগীত/নৃত্য/ চিত্রাঙ্কন ইত্যাদি প্রতিযোগিতা আয়োজন করা হবে।	বাংলাদেশ শিল্পকলা একাডেমি
৩.	দেশব্যাপী সুবর্ণজয়ন্তী মেলা আয়োজন করা হবে।	বাংলাদেশ শিল্পকলা একাডেমি ও জাতীয় গ্রন্থকেন্দ্র
৪.	মুক্তিযুদ্ধ ভিত্তিক আন্তর্জাতিক পূর্ণদৈর্ঘ্য/স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র উৎসব আয়োজন করা হবে।	বাংলাদেশ শিল্পকলা একাডেমি
৫.	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বিশেষ ডকুমেন্টরি ও টিভিসি নির্মাণ করা হবে।	বাংলাদেশ শিল্পকলা একাডেমি
৬.	মুক্তিযুদ্ধ ভিত্তিক চিত্রকলা প্রদর্শনী আয়োজন করা হবে।	বাংলাদেশ শিল্পকলা একাডেমি
৭.	মুক্তিযুদ্ধ ভিত্তিক বিশেষ ডকুমেন্টরি ও টিভিসি নির্মাণ করা হবে।	বাংলাদেশ শিল্পকলা একাডেমি
৮.	দেশের সকল সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন করা হবে।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং সকল দপ্তর সংস্থা
৯.	চারুকলা ইনস্টিটিউট এর তত্ত্বাবধানে বিশেষ ভাস্কর্য প্রদর্শনী করা হবে।	বাংলাদেশ শিল্পকলা একাডেমি
১০.	এ সকল কার্যক্রম বাস্তবায়নে বছরব্যাপী (প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায়) ব্যাপক প্রচারের ব্যবস্থা করা হবে।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং সকল দপ্তর সংস্থা
১১.	সুবর্ণজয়ন্তীর সমাপনী অনুষ্ঠানে খ্যাতিমান সাহিত্যিকদের আমন্ত্রণ জানানো হবে।	বাংলা একাডেমি
১২.	দেশাত্তবোধক সংগীত, নৃত্য, আতশবাজী ও ব্যাপক আলোকসজ্জা ইত্যাদির মাধ্যমে বছরব্যাপী আয়োজনের সমাপ্তি ঘোষণা অনুষ্ঠান আয়োজন করা হবে।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং সকল দপ্তর সংস্থা
(খ) বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এর গৃহীত সম্ভাব্য কর্মসূচি:		
১.	বাংলাদেশ, ভারত ও আমেরিকার বিভিন্ন স্থানে বঙ্গবন্ধু-বাপু ডিজিটাল প্রদর্শনী আয়োজন।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং বাংলাদেশ জাতীয় জাদুঘর
২.	আগামী ২৬ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দে বাংলাদেশের স্বাধীনতার ৫০তম সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশে ও ভারতের ১৭ জন শিল্পীর সমন্বয়ে বাংলাদেশে জাতীয় সংগীত পরিবেশনা।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ শিল্পকলা একাডেমি
৩.	কুষ্টিয়ার শিলাইদহে রবীন্দ্র কুঠিবাড়ি উদ্বোধন।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও প্রত্নতত্ত্ব অধিদপ্তর
৪.	বাংলাদেশ ও ভারতের মধ্যে ভ্রাম্যমান বইমেলা 'Library on Wheels' কার্যক্রম পরিচালনা।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর
৫.	২০২১ সালে "অমর একুশে বইমেলা" জাতির পিতার জন্মশতবর্ষ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তীকে উৎসর্গ করা।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও বাংলা একাডেমি
৬.	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন দেশে কমপক্ষে ১০ (দশ)টি সাংস্কৃতিক দল প্রেরণ।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ শিল্পকলা একাডেমি
৭.	বিভিন্ন দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে অনলাইন ভিত্তিক অনুষ্ঠান আয়োজন।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ শিল্পকলা একাডেমি
৮.	সারা দেশে ১০০০টি সরকারী/বেসরকারি পাঠাগারে মুক্তির কর্ণার স্থাপন।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর

d:\admin file (29-09-2019)\সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে কর্মসূচি.docx 1



মোহাম্মদ মিজানুর রহমান ছিদ্দিকী
উপসচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগারী বাংলাদেশ সরকার